

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ

নিউ ইস্কাটন শাখা, ৪ নিউ ইস্কাটন রোড, ওয়াকফ ভবন, ঢাকা-১০০০

অর্থস্বর্ণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, জনাব মোঃ আবুল কালাম আজাদ, পিতা- মৃত একাঙ্কর আলী সরকার, মাতা- নুরজাহান বেগম, স্থায়ী ঠিকানাঃ গ্রাম- রাজাবাড়ী, ডাকঘর-এলেঙ্গা (পোস্ট কোড-১৯৭৪), থানা-কালিহাতি, জেলা-টাঙ্গাইল, বর্তমান ঠিকানাঃ ফ্ল্যাট নং ২০২, ৭০-৭১ সিদ্ধেশ্বরী রোড, রমনা, ঢাকা, কর্তৃক ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, নিউ ইস্কাটন শাখা, ঢাকা হইতে গৃহীত ঋণের জামানত হিসেবে নিম্ন তফসিলের সম্পত্তি বিগত ০৩/১১/২০১১ ইং তারিখে রেজিস্ট্রিকৃত ৮৭০৪ নং বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং একই তারিখের ৮৭০৫ নং আম-মোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ১৬/১০/২০১৬ ইং তারিখ পর্যন্ত ঋণ হিসাবে বকেয়া স্থিতি বাবদ ব্যাংকের পাওনা মোট ৩৮,৬৩,১০১.১২ (আটত্রিশ লক্ষ তেষটি হাজার এক শত এক টাকা বার পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তির তফসিল

জেলাঃ ঢাকা, থানাঃ সাবেক রমনা বর্তমানে শাহাবাগ, মোজা- রমনা, সাব-রেজিস্ট্রার অফিস - ঢাকা সদর, জে. এল নং - সি.এস -১, এস.এ - ৪, আর.এস- ২৭, খতিয়ান নং- সি.এস.- ৬৮৬০(গ), এস.এ - ১০৬, আর.এস. - ৪১, ঢাকা সিটি জরিপ- ১৩৩, ২৪৮ এবং ১৫৫৫, দাগ নং- সি.এস.-৪০, এস.এ- ৫১২, আর.এস. - ১৬১৭, ঢাকা সিটি জরিপ- ১৫২৪ এবং ১৫২৫, ঢাকা সিটি কর্পোরেশন অন্তর্ভুক্ত হোল্ডিং নং- ৬/৭/এ, তোপখানা রোড, সেগুনবাগিচা, ঢাকা এর ১৮.০৯ শতাংশ জমির উপর নির্মিত ১৫ (পনের) তলা বিশিষ্ট আলমপনা টাওয়ার নামীয় ভবনের ৭ম তলায় অবস্থিত ১২৫০ বর্গফুট আয়তনের ৬-ডি নং ১ টি ফ্ল্যাট (১টি গাড়ী পার্কিংসহ) এবং অবিভক্ত ও অচিহ্নিত ১৮.৭০ অয়তাংশ জমি।

নিলামের শর্তাবলী

- (১) আগামী ১৫/০১/২০১৭ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, নিউ ইস্কাটন শাখা, ঢাকা এর অফিসে রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, নিউ ইস্কাটন শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- (৩) অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- (৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- রাজউক, সিটি কর্পোরেশন, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৬) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব/স্বত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- (৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, নিউ ইস্কাটন শাখা, ঢাকা